



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৮-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে গত ২৩-০২-২০২০ তারিখ হতে মতিঝিলস্থ বাফুফে ভবনে 'নতুন রেফারী প্রশিক্ষণ কোর্স ২০২১' অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অদ্য ২৮-০২-২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সে দেশের সকল জেলা হতে আগত ৮০ জন নতুন রেফারী প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে।

প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফে ডেভেলপমেন্ট কমিটির সদস্য জনাব মোঃ ইকবাল হোসেন, সদস্য জনাব মোঃ রিয়াদ মাহমুদ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ সহ রেফারীজ কমিটির সদস্যবৃন্দ।

উক্ত প্রশিক্ষণ কোর্সের ইন্সট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করেন বাফুফে হেড অব রেফারী জনাব আজাদ রহমান, জনাব সুজিত কুমার ব্যানার্জী ও জনাব নাজমুল হুদা। কোর্সের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বাফুফে হেড অব সিএমএস জনাব শহিদুল ইসলাম লিমন।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।